

বর্তমান সরকারের আমলে আইন-শুভ্রলা পরিষিক্তির ঘথেষ্ট উন্নতি হইয়াছে

১৯। ১৬। ৬৮

19

প্রধানমন্ত্রী
খুলনা, ১৬ই অক্টোবর
(নিজস্ব সংবাদদাতার টেলি-
ফোন) — প্রধানমন্ত্রী শাহ আজিজুর
রহমান বলেন যে, দেশের আইন-
শুভ্রলা পরিষিক্তির আরও উন্নতির
জন্য গ্রাম প্রতিরক্ষা বাহিনী
যাহাতে অধিক কার্যকর ভূমিকা
পালন করিতে পারে সে জন্য
এই বাহিনীকে আরও সুসজ্জিত
ও শক্তিশালী করা হইবে।

আজ নিকালে এখানে দৌলত-
পুর গ্রাম প্রতিরক্ষা বাহিনীর এক
সমাবেশে প্রধান অতিথির ভাষণে
শাহ আজিজ বলেন যে, অটীতে
দেশের আইন-শুভ্রলা পরিষিক্তির
চরম অবনতি ঘটিয়াছিল। প্রেসি-
ডেক্ট জিয়াউর রহমান সরকারের
আমলে পরিষিক্তির ঘথেষ্ট উন্নতি
হইয়াছে। গ্রাম প্রতিরক্ষা বাহিনী
একটি নৃতন সংস্থা। সারা বাংলা-
দেশে ইহার সদস্য-সদস্যা সংখ্যা
এক কোটির উপরে। আগামীতে
আরও হাজার হাজার সদস্য
এই সংগঠনে ঘোগ দিবে।

গৃশিক্ষার কথা উল্লেখ করিয়া
প্রধানমন্ত্রী বলেন, ‘বর্তমানে
আমাদের দেশে প্রায় ৫ কোটি
লোক নিরুৎসুর। দেশের সাবিক
উন্নতি ও সৈয়দ্ধির লক্ষ্যে ইহাদের
প্রয়োজনীয় শিক্ষাদান করিতে
হইবে। তিনি বলেন, দেশের
প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান এব্যাপারে
যাহাতে তাহাদের ঘোগ ভূমিকা
পালন করে সে জন্য ইতিমধ্যে
প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হই-
যাচ্ছে।’ কোন প্রতিষ্ঠান এই
দায়িত্ব পালনে বার্থ হইলে উহা-
দের সরকারী মঙ্গুরী বাতিল করা
হইবে।

ব্রহ্মপুর প্রধানমন্ত্রী শহরের
শেষ গ্রাম সিটি কলেজ, ইকবাল
মোহাম্মদ গার্লস হাই স্কুল,
গোবৰঢাকা ও খালিশপুরে সুন্দর-
বন জনকল্যাণ সমিতির গৃশিক্ষা
কেজন্মযুহ পরিদর্শন করেন।